তারিখ ... 31 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

দৈনিক আমাদের সময়

ইউআইটিএস অনুষ্ঠানে সূফী মিজান

# শিক্ষার্থীদের সৃষ্টি ও মেধাকে উৎসাহিত করতে হবে

নিজস্ব প্রতিবেদক ●

'শিক্ষার্থীদের সৃষ্টি ও মেধাকে উৎসাহিত করে সে মেধাকে দেশের কাজে লাগাতে হবে। মনে রাখতে হবে, এই শিক্ষার্থীরাই আগামী দিনের ভবিষ্যৎ। তাদের কোনোভাবেই বিপথগামী হতে দেওয়া যাবে না।' গতকাল শনিবার দুপুরে স্কুল অব বিজনেসের উদ্যোগে বিজনেস প্রমোশন ডে উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্স (ইউআইটিএস) বোর্ড অব ট্রাস্টিজ ও পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান বিশিষ্ট শিল্পপতি আলহাজ্ব সূফী মোহাম্মদ মিজানুর রহমান এ কথা বলেন।

তিনি বলেন, শিক্ষার্থীরাই এ দেশকে ভবিষ্যতে উন্নতির শিখরে নিয়ে যাবে। তাদের সুশিক্ষার পাশাপাশি উন্নত চরিত্রের এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## শিক্ষার্থীদের সৃষ্টি ও

(৩ এর পৃষ্ঠার পর) অধিকারী করে গড়ে তুলতে হবে। কুশিক্ষার কালো থাবা থেকে অত্যন্ত সতর্কতার সঙ্গে মুক্ত রেখে ও কঠিন অনুশাসনের মাধ্যমে তাদের গড়ে তুলতে হবে। তবেই আমাদের লক্ষ্য অর্জিত হবে।

'বিজনেস প্রমোশন ডে-২০১৬' উপলক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মেলা অনুষ্ঠিত হয়। এ মেলার উদ্বোধন করেন পিএইচপি চেয়ারম্যান আলহাজ্ব সূফী মোহাম্মদ মিজানুর রহমান। মেলায় প্রধান স্পন্সর ছিল প্রাণ ডেইরি লিমিটেড। দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠানে স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ভিন্ন ভিন্ন বিষয়ভিত্তিক ১২টি স্টলে তাদের পণ্যের প্রচারণায় অংশ নেয়। মেলায় বিভিন্ন থিম যেমন– অনলাইন শপিং, এন্টারপ্রেনারশিপ, সেলসম্যানশিপ, ক্যারিয়ার ডেভেলপমেন্ট, বুক ফেয়ার, ফ্যাশন ডিজাইনিং, হ্যান্ডিক্রাফ্টস, ফুড, ক্যাটারিং সার্ভিস ইত্যাদি স্টলের আয়োজন করা হয়। এসব স্টলে স্বনামধন্য মোবাইল কোম্পানি রবি, ডাচ্-বাংলা ব্যাংক, ইউআই সিস্টেমস, হেলথ প্রায়ারডটকম, রকমারিডটকম, সিসিলি বিউটিপার্লার তাদের প্রডাক্ট প্রদর্শন করে ও কোম্পানির অভিজ্ঞ প্রতিনিধিরা শিক্ষার্থী ও আগত অতিথিদের বিভিন্ন বিষয়ে অবহিত করেন।

সূফী মিজানুর রহমান স্টলগুলো ঘুরে ঘুরে দেখেন। এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন ইউআইটিএসের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান, বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. কেএম সাইফুল ইসলাম খান, কোষাধ্যক্ষ ড. এসআর হিলালী, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোহাম্মদ কামরুল হাসান, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আনম শরীফ, বিজনেস স্কুলের ডিন মোহাম্মদ নাজমুল হাসান এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। মেলা আয়োজনের মূল উদ্দেশ্য ছিল স্কুল অব বিজনেসের শিক্ষার্থীদের জন্য একটি প্লাটফর্ম তৈরি করা, যেখানে তারা তাদের কোর্স রিলেটেড বিভিন্ন বিষয় যেমন মার্কেটিং, ফান্ড ম্যানেজমেন্ট, সেলিং, কমিউনিকেশন ইত্যাদি বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পারে। যা শিক্ষার্থীদের পেশাগত জীবনে আত্মবিশ্বাস সৃষ্টি করবে।

মেলাতে দর্শক ও শিক্ষার্থীদের জন্য র‍্যাফেল ড্র, ফিউচার কর্নার, হাত দেখা, বিউটিফিকেশন, ফটোগ্রাফি ও সেলফি কন্টেস্টের আয়োজন করা হয় এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।